পিআইইউ-এনএটিপি২-ডিএই- প্রকল্প বাস্তবায়ন কমিটির ১০তম সভার (Zoom Cloud) কার্যবিবরণী

Zoom ID: 91027221350, Pass word: 020621

সভার তারিখ: ০২.০৬.২০২১, সময়: অপরাহ্ন ৩:৩০ ঘটিকা

প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি), পিআইইউ-এনএটিপি ২-ডিএই এর সম্মানিত সভাপতি তথা মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর জনাব মোঃ আসাদুল্লাহ মহোদয়ের সভাপতিত্বে সভা আরম্ভ হয়। সভাপতি মহোদয় কমিটির সকল সম্মানিত সদস্যকে সভায় স্বাগত জানান এবং সদস্য-সচিব ও পরিচালক, পিআইইউ-এনএটিপি২-ডিএই, জনাব আজহারুল ইসলাম সিদ্দিকী কে সভার কার্যক্রম আরম্ভের জন্য অনুরোধ জানান। সদস্য-সচিব মহোদয় পূর্ববর্তী ৯ম সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সদস্য-সচিব মহোদয়ের অনুমতিক্রমে জনাব ড. মোঃ শাখাওয়াত হোসেন শরীফ, অতিরিক্ত পরিচালক, পিআইইউ-এনএটিপি ২-ডিএই মহোদয় এজেন্ডাভিত্তিক ৯ম সভায় গৃহীত কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি এবং ২০২০-২১ অর্থ বছরের অনুমোদিত RADP এর আলোকে প্রকল্পের কর্ম ও ক্রয় পরিকল্পনার অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

এজেন্ডা- ১: পিআইসি এর ৯ম সভায় গৃহীত সিদ্ধান্তবলি বাস্তবায়নের অগ্রগতি

#	সিদ্ধান্ত	অগ্রগতি
১	সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে বছরে ৪টি অথবা প্রয়োজন মাফিক ততোধিক পিআইসি'র সভা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়।	কোভিড-১৯ জনিত কারণে পিআইসি সভা আহ্বান সময়ানুগ হয় নি, পরবর্তীতে ৯ম সভার সিদ্ধান্ত অনুসরণ পূর্বক পিআইসি'র সভা যথারীতি সময়মত আয়োজনের ব্যবস্থা গৃহীত হবে।
২	চলমান কোভিড-১৯ সংকটকালে স্বাস্থ্য ঝুঁকির মাঝেও প্রকল্প কার্যক্রমে প্রকল্প ইউনিট ও মাঠ পর্যায়ের কর্মকর্তা/ এসএএও-দের একাগ্রতার জন্য ধন্যবাদ জানানো হয়।	পূর্বের ধারাবাহিকতায় চলমান কোভিড-১৯ সংকটকালেও যথাযথ স্বাস্থ্য নিরাপত্তা অনুসরণপূর্বক প্রকল্প কার্যক্রম যথা-সিআইজি কৃষক প্রশিক্ষণ, প্রদর্শনী স্থাপন, মাঠ দিবস, মাঠ পরিদর্শন ও মনিটরিং, ইত্যাদি কার্যক্রম অব্যাহত রয়েছে।
৩	কোভিড-২ সংকটের কারণে যাতে কোন ক্রমেই ফসলের উৎপাদন এবং প্রকল্পের উদ্দেশ্য অর্জন ব্যাহত না হয় সেদিকে বিশেষভাবে যত্নবান হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।	সংশ্লিষ্ট বিষয়ে সমন্বিত ও পরিকল্পনামাফিক উদ্যোগ গৃহীত হয়েছে এবং তদানুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।
৪	সিআইজি মবিলাইজেশন এবং প্রযুক্তি গ্রহণ/বিস্তার ও উৎপাদনশীলতা বৃদ্ধি কার্যক্রমে কৃষকদের উদ্বুদ্ধকরণ এবং সংশ্লিষ্ট বিষয়ে তদারকি ও মনিটরিং জোরদারকরণের প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করা হয়।	তদারকি ও মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে, কোভিড-১৯ এর কারণে অধিকতর গুরুত্বের সাথে virtual/telephonic/on-line মনিটরিং কার্যক্রম পরিচালিত হচ্ছে।
৫	এআইএফ-২ উপ-প্রকল্পে পাওয়ার টিলার এর গুরুত্ব কমিয়ে উইনোয়ার, সোলার ড্রায়ার, রিপার, ইত্যাদি/নব উদ্ভাবিত যন্ত্রপাতি/সরঞ্জাম অন্তর্ভুক্তির জন্য সিআইজি সমূহকে উদ্বুদ্ধকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	গৃহীত সিদ্ধান্ত মাঠ পর্যায়ে অবহিত করা হয়েছে এবং সিদ্ধান্তের আলোকে এআইএফ-২ উপ-প্রকল্প প্রণয়ন করা হচ্ছে।
৬	প্রকল্পভুক্ত ১২টি ফসলের (ধান, গম, টমেটো, বেগুন, কলা, মুসুর, সরিষা, ভুট্টা-, আলু, পিঁয়াজ, রসুন ও মুগ) লক্ষ্যমাত্রাভিত্তিক উৎপাদনশীলতা বৃদ্ধি কার্যক্রমে প্রয়োজনীয় তৎপরতা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয় এবং অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।	সিদ্ধান্ত অনুযায়ী কর্মতৎপরতা বৃদ্ধি করা হয়েছে; উৎপাদনশীলতা বিষয়ক অগ্রগতি অত্র কার্যবিবরণীতে লিপিবদ্ধ করা হয়েছে।
৭	নতুন ও সম্ভাবনাময় জাতভিত্তিক সংরক্ষিত বীজের পরিমাণ রেকর্ডভুক্ত করে সম্প্রসারণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সিদ্ধান্তটি সংশ্লিষ্ট সকল পর্যায়ে অবহিত করা হয়েছে এবং এতদ্‌বিষয়ে মনিটরিং জোদদার করা হয়েছে।
৮	প্রকল্পভুক্ত পূর্ত ও ভূমি উন্নয়ন কাজের অগ্রগতি ও গুণাগুণ পর্যবেক্ষণ ও মনিটরিং এর জন্য প্ল্যানিং কমিশনের ডিপুটি চিফ, কৃষি মন্ত্রণালয়ের ডিপুটি চিফ এবং ডিএই এর প্ল্যানিং উইং এর একজন কর্মকর্তার সমন্বয়ে মোট তিন সদস্যের একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। এতদ্‌বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য পরিচালক, এনএটিপি২-ডিএই কে অনুরোধ জনানো হলো।	নির্ধারিত ঠিকাদারের মৃত্যুজনিত কারণে প্রকল্পের ভূমি উন্নয়ন কার্যক্রম আপাতত স্থগিত রয়েছে, কার্যক্রম পুনরায় চালু করার ভিত্তিতে সিদ্ধান্তটি বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হবে।
৯	সিদ্ধান্ত গৃহীত হয় যে সরকার নির্দেশিত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে	সিদ্ধান্ত অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের বাজেটে বিদেশ ভ্রমন

	২০২০-২১ অর্থ বছরের বাজেটে বিদেশ ভ্রমন সংক্রান্ত কোন কর্মপরিকল্পনা অন্তর্ভুক্ত করা যাবে না।	অন্তর্ভুক্ত করা হয় নাই।
১০	প্রকল্প কার্যক্রমের সার্বিক তথ্যাদি সংরক্ষণের ওপর বিশেষ গুরুত্ব আরোপনান্তে বাস্তবায়িত কার্যক্রমসমূহের ডাটাবেজ প্রস্তুত ও সংরক্ষণের জন্য পরিচালক, এনএটিপি২-ডিএই কে অনুরোধ জানানো হয়।	প্রকল্প কার্যক্রমের ডাটাবেজ প্রস্তুত ও হাল-নাগাদকরণ কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে এবং সিদ্ধান্ত মাফিক কার্যক্রম বাস্তবায়নের জন্য উপজেলা পর্যায়ে সমন্বয় জোরদার করা হয়েছে।

এজেন্ডা- ২: RADP ২০২০-২১ এর ভিত্তিতে প্রকল্পের অগ্রগতি উপস্থাপনা ও পর্যালোচনা

জনাব ড. মোঃ শাখাওয়াত হোসেন শরীফ, অতিরিক্ত পরিচালক, পিআইইউ-এনএটিপি ২-ডিএই মহোদয় আরএডিপি ২০২০-২১ এর ভিত্তিতে প্রকল্প কার্যক্রমের অগ্রগতি উপস্থাপনার প্রারম্ভে সিআইজি মবিলাইজেশন ও নিবন্ধন কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত সংক্ষিপ্ত তথ্যাদি সভায় উপস্থাপন করেন। তিনি অবহিত করেন যে কোভিড-১৯ এর সংক্রমণহেতু সিআইজি মাসিক সভা এবং কতিপয় কার্যক্রমের ধারাবাহিকতা বিভিন্ন সময়ে বাধাগ্রস্ত হওয়ায় ব্যালেন্স স্কোর কার্ড মূল্যায়নে সিআইজি সমূহের গ্রেড আশান্বিত পর্যায়ে উন্নয়নের ক্ষেত্রে কিঞ্চিৎ স্থবিরতা বিরাজ করছে ; প্রাপ্ত তথ্য অনুযায়ী সর্বশেষ মূল্যায়নে ৬০% সিআইজি 'গ্রেড- এ', ২৬% 'গ্রেড-বি', ৪.৬% 'গ্রেড-সি' এবং ০.৪% 'গ্রেড-ডি' এ শ্রেণীভুক্ত হতে দেখা যায়। তিনি আরো অবহিত করেন যে সংগৃহীত প্রতিবেদন অনুযায়ী মে ২০২১ পর্যন্ত নিবন্ধনকৃত সিআইজি'র সংখ্যা ৮১%; তিনি গুরুত্বের সাথে উল্লেখ করেন যে সিআইজি নিবন্ধন ১০০% উন্নয়নে যথাযোগ্য কার্যক্রম গৃহীত হয়েছে।

কর্ম পরিকল্পনার অগ্রগতি প্রসঙ্গে ড. শাখাওয়াত অবহিত করেন যে ইতোমধ্যে প্রকল্প লক্ষ্যমাত্রার ভিত্তিতে ১০০% সিআইজি'র মাইক্রো সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়ন সম্পন্ন করা হয়েছে। মে ২০২১ পর্যন্ত ১০০% সিআইজি কৃষক, সিআইজি লিডার, সিআইজি-নন সিআইজি টেকনোলজি শেয়ারিং, পিও মেম্বার এবং এগ্রো-ইনপুট ডিলার/ট্রেডার্সগণের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে; লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ এসএএও এবং ডিএই স্টাফের প্রশিক্ষণও সম্পন্ন করা হয়েছে। কোভিড -১৯ এর কারণে ডিএই কর্মকর্তাগণের প্রশিক্ষণ বাজেট সংক্ষিপ্ত করায় লক্ষ্যমাত্রার ৯১% প্রশিক্ষণ সম্পন্ন করা সম্ভব হয়েছে। মাঠ পর্যায়ে প্রযুক্তি সম্প্রসারণ কার্যক্রমের অগ্রগতি প্রসঙ্গে ড. শাখাওয়াত উল্লেখ করেন যে লক্ষ্যমাত্রার শতভাগ প্রযুক্তি প্রদর্শনী, ভেলিডেশন ট্রায়াল, মাঠ দিবস, এক্সপোজার ভিজিট, ইত্যাদি বাস্তবায়ন করা হয়েছে এবং বিএআরসি কম্পোনেন্ট ভুক্ত CRG উপ-প্রকল্পের আওতায় ৫টি নব উদ্ভাবিত প্রযুক্তির মোট ১০৫টি প্রদর্শনী স্থাপন করা হয়েছে। এআইএফ-২ এবং এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট উপ-প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সম্বন্ধে তিনি অবহিত করেন যে ইতোমধ্যে লক্ষ্যমাত্রার ৯৯% এআইএফ-২ এবং ৯১% এআইএফ-৩ এর অনুকূলে অ্যাওয়াডিং সম্পন্ন করা হয়েছে এবং অ্যাওয়ার্ড কৃত উপ-প্রকল্পসমূহের কার্যক্রম সন্তোষজনক পর্যায়ে পরিচালনা করা হচ্ছে। পর্যবেক্ষণে প্রকল্প কার্যক্রমের সর্বক্ষেত্রে সন্তোষজনক অগ্রগতি পরিলক্ষিত হয়েছে এবং ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিতে এসব কার্যক্রমের সুস্পষ্ট প্রভাব প্রতিফলিত হতে দেখা গেছে। মাঠ পর্যায় থেকে প্রাপ্ত প্রতিবেদন বিশ্লেষণে দেখা যায় যে প্রকল্প এলাকায় প্রকল্পে নির্বাচিত ১২টি ফসলের উৎপাদনশীলতা ২০১৪ ভিত্তি বছরের তুলনায় ২০২০ এ গড়ে ধান ৪.৭ টন/হেঃ থেকে ৫.২১ টন/হেঃ, গ্রীষ্মকালীন টমেটো ৩০.০ টন/হেঃ থেকে ৩৪.৪১ টন/হেঃ, কলা ১৮.২৩ টন/হেঃ থেকে ২০.২০ টন/হেঃ, বেগুন ২৭.১৭ টন/হেঃ থেকে ৩২.২৫ টন/হেঃ, সরিষা ১.১২ টন/হেঃ থেকে ১.২৩ টন/হেঃ, ভুট্টা ৬.৭৪ টন/হেঃ থেকে ৭.৩৮ টন/হেঃ, গম ২.৯১ টন/হেঃ থেকে ৩.১৪ টন/হেঃ, মুসুর ১.১০ টন/হেঃ থেকে ১.২৪ টন/হেঃ, মুগ ১.১০ টন/হেঃ থেকে ১.২৪ টন/হেঃ, আলু ১৮.৭৫ টন/হেঃ থেকে ১৯.৯৮ টন/হেঃ, পেঁয়াজ ৯,১০ টন/হেঃ থেকে ৯.৮৩ টন/হেঃ এবং রসুন ৬.৫৫ টন/হেঃ থেকে ৭.০৮ টন/হেঃ এ উন্নীত হয়েছে। ফিয়াক কার্যক্রমের অগ্রগতি প্রসঙ্গে ড. শাখাওয়াত উল্লেখ করেন যে ক্রমান্বয়ে ফিয়াকের পরিচিতি ও জনপ্রিয়তা বৃদ্ধি পাচ্ছে এবং ফিয়াক সেবা গ্রহণে কৃষকগণ আগ্রান্বিত হচ্ছেন। তিনি অবহিত করেন যে এ পর্যন্ত প্রকল্প লক্ষ্যমাত্রা ৪৮টি আঞ্চলিক রিভিউ কর্মশালার মধ্যে ৩৭ টি সম্পন্ন করা হয়েছে।

অতঃপর ড. শাখাওয়াত পিআইইউ- ডিএই এর স্ট্রেটেজিক পার্টনার হর্টেক্স ফাউন্ডেশনের কারিগরি সহায়তায় বাস্তবায়িত ভ্যালু চেইন ডেভেলপমেন্ট এবং মার্কেট অ্যাক্সেস কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে ভ্যালু চেইন ডেভেলপমেন্ট কার্যক্রমের আওতায় ডিএই কর্মকর্তা, এসএএও, এলবিএফ, পিও সদস্য ও ট্রেডার্সগণের প্রশিক্ষণ লক্ষ্যমাত্রার ১০০% এবং সিআইজি কৃষক প্রশিক্ষণ লক্ষ্যমাত্রার ৮৪% সম্পন্ন করা হয়েছে। তিনি প্রকল্পের আওতায় স্থাপিত ৩০টি সিসিএমসি এবং ৩০টি সিপি এর কার্যক্রম প্রসঙ্গে উল্লেখ করেন যে সিসিএমসি এবং সিপি সমূহের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে এবং মে ২০২১ পর্যন্ত স্থাপিত সিসিএমসি/সিপি এর মাধ্যমে সিআইজি কৃষক উৎপাদিত ২৩৫৮৭.৫ টন (লক্ষ্যমাত্রার ১৫৭.২%) পণ্যাদি বাজারজাত করা সম্ভব হয়েছে, তন্মধ্যে ১৯০২.৫ টন বিদেশে রপ্তানি করা হয়েছে, যা মার্কেট অ্যাক্সেস কার্যক্রমের বিশেষ সাফল্য হিসেবে বিবেচিত। প্রকল্পের মনিটরিং কার্যক্রমের বিবরণে ড. সাখাওয়াত উল্লেখ করেন যে চলমান কোভিড -১৯ এর সংকটকালেও যথাসম্ভব গুরুত্বের সাথে মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে এবং সাবিক পর্যবেক্ষণে কার্যক্রমের সন্তোষজনক মান পরিলক্ষিত হয়েছে। প্রকিউরমেন্ট কার্যক্রমের অগ্রগতি প্রসঙ্গে তিনি জানান যে হর্টেক্স ফাউন্ডেশনের আওতায় ৬টি গুডস্ প্যাকেজের মধ্যে ৫টি এবং সার্ভিসেস এর ১০টি প্যাকেজের মধ্যে ১০টির প্রকিউরমেন্ট সম্পন্ন করা হয়েছে, কিন্তু ওয়ার্কস এর ৩টি প্যাকেজ বাস্তবায়ন অসম্পূর্ণ রয়েছে। পিআইইউ- ডিএই এর প্রকিউরমেন্ট অগ্রগতি সম্বন্ধে ড. সাখাওয়াত অবহিত করেন যে পিআইইউ- ডিএই কর্তৃক গুডস্ প্যাকেজের ৪৭ টির মধ্যে ৪২ টি (৮৯%), ওয়ার্কস প্যাকেজের ১১ টির মধ্যে ৪ টি (৩৬%) এবং সার্ভিসেস প্যাকেজের ২০ টির মধ্যে ১৫ টি (৫%) এর প্রকিউরমেন্ট সম্পন্ন করা হয়েছে।

এ পর্যায়ে ড. শাখাওয়াত প্রকল্প কার্যক্রমের আর্থিক ব্যয়-বরাদ্দ পরিস্থিতি সভায় উপস্থাপন করেন যার সংক্ষিপ্ত বিবরণ নিম্নোক্ত ছকে উপস্থাপিত হলো:

Budget for 2020-21 (RADP) (Tk. in lakh)				Amount Spent 2020-21 (Tk. in lakh)				Cumulative Progress and % of total DPP Provision (Tk. in lakh)			
RPA		GoB	Total	RPA		GoB	Total	RPA		GoB	Total
IDA	IFAD			IDA	IFAD			IDA	IFAD		
৪৯৪৪.৭২	৬৭৪.২৮	২২৫.০০	৫৮৪৪.০০	৩৯৫৪.১১	৫৩৯.২০	১৮৭.৮০	৪৬৮১.১১	৩৬৩৫০.৪৬	৪৯৫৬.৮৮	১৭৮২.৫৬	৪৩০৮৯.৯০
				৮০ %	৮০ %	৮৩ %	৮০ %	৮৩ %	৮৩ %	৫৮ %	৮১.৮৩%

(IDA = ৮৮%, IFAD = ১২%)

অতঃপর জনাব ড. মোঃ সাখাওয়াত হোসেন শরীফ, অতিরিক্ত পরিচালক, পিআইইউ-এনএটিপি ২-ডিএই মহোদয় সকল সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করে উপস্থাপনার সমাপ্তি ঘোষণা করেন।

আলোচনা:

প্রকল্প কার্যক্রমের হাল-নাগাদ অগ্রগতি এবং প্রাপ্ত ফলাফল পর্যালোচনায় সকল সদস্য সন্তোষ প্রকাশ করেন। চলমান কোভিট-১৯ সংকট মোকাবিলায় এনএটিপি২-ডিএই হতে গৃহীত উদ্যোগ ও কর্মতৎপরতা সভায় প্রশংসিত হয়। কোভিড-১৯ সংকটের প্রভাব যাতে কোন ক্রমেই কৃষিতে তথা ফসল উৎপাদনে প্রতিফলিত না হয় সেজন্য বিশেষ তৎপরতা ও সতর্ক ব্যবস্থাপনার সাথে মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নে প্রকল্প টিমকে অনুরোধ করা হয়।

এআইএফ-২ এবং এআইএফ-৩ উপ-প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি/সরঞ্জামসমূহের সুদক্ষ ব্যবস্থাপনা বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সিআইজি/নন-সিআইজি কৃষক নির্বিশেষে উপ-প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি/সরঞ্জামসমূহের কার্যকর ও দক্ষ ব্যবহার নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক, পিআইইউ-ডিএই মহোদয়কে অনুরোধ জানানো হয়।

কোভিড-১৯ এর সংকটকালেও যাতে সিআইজি সমূহের মবিলাইজেশন কার্যক্রম বাধাগ্রস্ত না হয় এবং যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ ও শারীরিক দূরুত্ব রক্ষা করে মবিলাইজেশন কার্যক্রমের ধারাবাহিকতা নিশ্চিত করা যায় সে বিষয়ে সচেষ্ট হতে সভাপতি তথা মহাপরিচালক, ডিএই মহোদয় সংশ্লিষ্ট সকলের প্রতি উপদেশ বার্তা প্রেরণের জন্য সভায় অনুরোধ জানান।

উৎপাদিত পণ্যাদির বাজার সুবিধা নিশ্চিতকরণসহ যুক্তিসংগত বাজারদর প্রাপ্তিতে সিসিএমসি/সিপি সমূহে কর্ম তৎপরতা বৃদ্ধির কার্যকর ব্যবস্থা গ্রহণের প্রতি সভাপতি মহোদয় বিশেষ গুরুত্ব আরোপ করেন। কোভিড-১৯ সংকটকালীন কৃষকদের পাশে থেকে সকল প্রকার সহযোগিতা প্রদানের জন্যও মহাপরিচালক তথা সভাপতি মহোদয় প্রকল্প সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

আইএমইডি প্রতিনিধি সিসিএমসি কার্যক্রমে সন্তোষ প্রকাশ করে বাজার ব্যবস্থা উন্নয়ন এবং কৃষকের উৎপাদিত পণ্যাদির যুক্তিসংগত মূল্য প্রাপ্তিতে সুবিধা সৃষ্টির লক্ষ্যে বগুড়া জেলায় সিসিএমসি কার্যক্রম সম্প্রসারণের জন্য সভায় প্রস্তাব পেশ করেন। এতদ্‌বিষয়ে ড. শাখাওয়াত, অতিরিক্ত পরিচালক, পিআইইউ-এনএটিপি ২-ডিএই বলেন যে প্রকল্পের চলমান ফেজে এ ধরনের কার্যক্রম সম্প্রসারণের সুযোগ নেই, তবে পরবর্তী ফেজে উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

পূর্ব সভার আলোচনা ও সিদ্ধান্তের জের ধরে সভাপতি মহোদয় সময়মত পিআইসি'র সভা আহ্বানের প্রতি গুরুত্ব আরোপ করেন। এ প্রসঙ্গে পরিচালক, পিআইইউ-ডিএই জনাব আজহারুল ইসলাম সিদ্দিকী বলেন যে কোভিড ১৯ সংক্রমণ জনিত কারণে অত্র সভা আহ্বান বিলম্বিত হয়েছে। পরবর্তীতে সময়মত পিআইসি সভার আয়োজন করা হবে।

ড. শাখাওয়াত, অতিরিক্ত পরিচালক, পিআইইউ-এনএটিপি ২-ডিএই সভাকে জানান যে ডিপিপি নির্ধারিত বাজেটের মধ্যেই এনএটিপি-২ প্রকল্পের মেয়াদ জুন ২০২১ হতে দুই বছর বৃদ্ধি করে জুন ২০২৩ পর্যন্ত সম্প্রসারণ করা হয়েছে। এ ক্ষেত্রে পরবর্তী ২০২১-২২ অর্থ বছরের বাজেট, কর্ম ও ক্রয় পরিকল্পনা প্রণয়নের বিষয়ে আলোচনা হয় এবং সংশ্লিষ্ট বিষয়াদি পর্যবেক্ষণ ও অনুমোদনের নিমিত্ত চলতি মাসেই পিআইসি'র পরবর্তী সভা আহ্বানের ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক, পিআইইউ-ডিএই মহোদয়কে অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত:

সভায় স্বতঃস্ফূর্ত আলোচনা ও সদস্যদের সর্বসম্মতির ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তবলি গৃহীত হয়:

১. কোন সংশোধনী না থাকায় পূর্ববর্তী ৯ম সভার কার্যবিবরণী সভায় দৃঢ়ীকরণ করা হয়।

২. চলতি জুন ২০২১ মাসে পিআইসি পরবর্তী সভা আহ্বান করা হবে, সভায় ২০২১-২২ অর্থ বছরের জন্য প্রকল্প কার্যক্রমের বাজেট, কর্ম ও ক্রয় পরিকল্পনা উপস্থাপন করা হবে।
৩. পিআইসি'র নিয়মিত সভা আহ্বানের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৪. উৎপাদিত পণ্যাদির বাজার সুবিধা সৃষ্টি এবং যুক্তিসংগত মূল্য প্রাপ্তির লক্ষ্যে সিসিএমসি কার্যক্রম জোরদার করতে হবে।
৫. প্রকল্প কার্যক্রমের মনিটরিং জোরদারকরণে কার্যকর ভূমিকা গ্রহণ করতে হবে।
৬. কোভিড-১৯ জনিত কারণে যাতে প্রকল্প কার্যক্রম বাধাগ্রস্ত না হয়, সেবিষয়ে সচেতন হতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আসাদুল্লাহ)
সভাপতি
প্রকল্প বাস্তবায়ন কমিটি
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি
প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর অঙ্গ
ও
মহাপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা

স্মারক নং: ১২.০১.০০০০.০০০.০৬.০০৫.১৬- ৩৮০ (৭)

তারিখ: ২৮/০৬/২০২১ খ্রিঃ

অনুলিপি (জ্যেষ্ঠ্যতাভিত্তিক নহে):

১. অতিরিক্ত সচিব (পিপিসি), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রকল্প পরিচালক, এনএটিপি২-পিএমইউ, বিএআরসি কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা।
৩. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৪. পরিচালক; পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং; কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৫. যুগ্ম-প্রধান, প্লানিং উইং, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্ম-প্রধান, ক্রপস্ উইং, প্লানিং কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. পরিচালক, আইএমইডি, প্লানিং কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সচিব (অতিরিক্ত উপপরিচালক), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

(আজহারুল ইসলাম সিদ্দিকী)
সদস্য-সচিব
ও
পরিচালক
পিআইইউ-এনএটিপি২-ডিএই
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা
ফোন: ০২ ৫৮১ ৫৫৬১৩